# 2019
# CLASS - IX
# BENGALI

Total Marks : 80 Time : 3 Hours

**General Instructions :**

*i)* *Approximately 15 minutes is allotted to read the question paper and revise the answers.*

*ii)* *The question paper consists of 21 questions. All questions are compulsory.*

*iii)* *Internal choice has been provided in some questions.*

*iv)* *Marks allocated to every question are indicated against it.*

***N.B.*** ***Check that all pages of the question paper is complete as indicated on the top left side.***

## SECTION-A

### পাঠ (READING)

**1.** নিচের অংশটি মনোযোগ দিয়ে পড়:

আনন্দবাজার পত্রিকাঃ সংবাদসংস্থাঃ লন্ডন.২৮জুলাই,২০১৯: গরমে পুড়ছে ইউরোপ। এ সপ্তাহে পুরনো সব রেকর্ড চুরমার। দাবানলের আঁচে পুড়ে ছাই উত্তর সাইবেরিয়া, উত্তর স্ক্যান্ডিনেভিয়া, আলাস্কা, গ্রীনল্যান্ড, মেরুপ্রদেশের একতা বিশাল অংশও। এরই মধ্যে দানা বাঁধছে নয়া আতঙ্ক। ভয়াল তাপপ্রবাহ ক্রমেই এগোচ্ছে গ্রিনল্যাণ্ডের দিকে। সে ক্ষেত্রে তীব্র গরমে বিপজ্জনক ভাবে গলতে শুরু করবে বিশ্বের দ্বিতীয় বৃহত্তম হিমবাহ। জলে ডুববে স্থলভাগ। আজ এই সতর্কবার্তা দিয়েছে রাষ্ট্রপুঞ্জ গোটা জুলাইয়ে গরমে হাঁসফাঁস অবস্থা লন্ডন-প্যারিসের। একে দাবানল,তার মধ্যে ব্রিটেন, বেলজিয়াম, নেদারল্যান্ডস, জার্মানিকে পুড়িয়ে তাপপ্রবাহ এগিয়ে চলেছে মেরুপ্রদেশের দিকে। গরমে "বেকড" হওয়ার দশা। আবহবিদরা বলছেন , শীঘ্রই এ গরমের আঁচ টের পাবেন নরে, সুইডেন ও ফিনল্যান্ডের বাসিন্দারা। ব্যাপারটা খানিকটা এ রকম- গোলার্ধের অই অংশে বায়ুমণ্ডলের মধ্যভাগে একটি শক্তিশালী উচ্চচাপ এলাকা তইরি হয়েছে। যা শীতল প্রবেশ করতে দেবে না ওই অংশে । ঝড় ঝঞ্ঝাও তৈরি হবে না।তাই একে অ্যান্টিসাইক্লোনও বলা হয়।বিজ্ঞানীদের কথায়, "যেন আকাশে ট্রাফিক সিগনাল লাল।"

স্ক্যান্দিনেভিয়ান দেশগুলিতে( নরওয়ে, সুইডেন , ডেনমার্ক ফিনল্যান্ড ও আইসল্যান্ড) তাপমাত্রা থাকবে ৯০ ডিগ্রি ফারেনহাইট বা তার উপরে। সেই সঙ্গে ভয়ানক গরম হাওয়ার স্রোত। গত বছর এমনই এক তাপপ্রবাহ থেকে দাবানল লেগেছিল ওই সব অঞ্চলে।এ বছর এখনই দাবানলে পুড়ছে মেরুপ্রদেশের একটা বড়টা বড় অংশ।। নরওয়ের দক্ষিণপশ্চিম উপকূলে বারগেন শহর শুক্রবারই রেকর্ড গড়েছে। তাপমাত্রা ছিল ৯১ ডিগ্রি ফারেনহাইট (৩২.৮ ডিগ্রি সেলসিয়াস ) ,এ অবস্থায় বিজ্ঞানিদের আশঙ্কা মেরু সমুদ্রে ভাসমান হিমশৈলগুলি ব্যাপক ভাবে গলতে শুরু করবে। স্বাভাবিকভাবেই এতে সমুদ্রের জলস্তর বাড়বে ।বিষয়টি সহজ করে বোঝাতে বিজ্ঞানিরা বলছেন,যদি গ্রিনল্যান্ডের হিমবাহটি সম্পূর্ণ গলে যায় ,তবে গোটা পৃথিবীতে সমুদ্রের জলস্তর গড়ে ২৩ ফুট বাড়বে!

দানিস জলবায়ু কেন্দ্রের বিজ্ঞানি রুথ মোটরাম জানান, গ্রিনল্যান্ডের উপরে উচ্চচাপ হয়েছে।২০১২ সালে এ রকম পরিস্থিতি তৈরি হয়েছিল। সে বারে হিমবাহের প্রায় পুরো চাদরটাই গলতে শুরু করেছিল। সে বছর সর্বোচ্চ তাপমাত্রা ছুঁয়েছিল ৩২ ডিগ্রি। এ বারে তো ইতিমধ্যেই ৩২ ডিগ্রি ছাড়িয়েছে পারদ, মোটরাম বলেন, " এর ফলে আশঙ্কা হচ্ছে হিমবাহের একটা বড় অংশ গলে যাবে। মেরুসাগরে ভাসমান হিমশৈল ও গ্রিনল্যান্ডের হিমবাহ, দুই-ই গলবে। ২০১২ সালের থেকেও খারাপ পরিস্থিতি হবে। তবে যতক্ষণ না হচ্ছে, নিশ্চিত করে কিছু বলা সম্ভব নয়। সবটাই আশঙ্কা ।"

একই ভয় পাচ্ছেন ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের জলবায়ু বিজ্ঞানি জাক লেব। বলেন, " কৃত্রিম উপগ্রহ মারফত পাঠানো তথ্য যা বলছে,তা নজিরবিহীন। ইতিমধ্যেই আলাস্কার উপকূল অংশে যথেষ্ট প্রভাব পড়েছে। ক্ষতিগ্রস্ত হচ্ছে সামুদ্রিক বাস্তুতন্ত্রও।"

৫ থেকে ১০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

(ক) কত তারিখে খবরটি প্রকাশিত হয়েছে? **1**

(খ) গরমে কোন মহাদেশ পুড়ছে? **1**

(গ) দাবানলের আগুনে কোন কোন দেশ পুড়ে ছাই হয়েছে? **1**

(ঘ) অ্যান্টি সাইক্লোন কাকে বলে? **1**

(ঙ) স্কান্দিনেভিয়ান দেশ কোনগুলো? **1**

(চ) হিমবাহ গলে গেলে জলস্তর কতটা বাড়বে? **1**

(ছ) রুথ মোটরাম কে? **1**

(জ) কোন সালে এর আগে এরকম পরিস্থিতি তৈরি হয়েছিল? **1**

(ঝ) জ্যাক লেব কি বলছেন? **1**

(ঞ) কারক-বিভক্তি নির্ণয় করঃ এরই মধ্যে <u>দানা</u> বাঁধছে আতঙ্ক। **1**

## SECTION-B

### রচনা ও নির্মিতি ( Writing and Composition)

**2.** নিচের যে কোনও একটি বিষয় বেছে নিয়ে ১০০ থেকে ১৫০ শব্দের মধ্যে উত্তর দাওঃ

(ক) মাধ্যমিকে সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হওয়ায় তোমার বন্ধু/ বান্ধবীকে অভিনন্দন জানিয়ে একটিচিঠি লেখ। **6**

অথবা

(খ) নিচের সূত্রগুলি দিয়ে একটি গল্প রচনা করে তার একটি উপযুক্ত নাম দাও। এক চাষির সোনার দিম পারা একটি মুরগি ছিল...সেই মুরগির ডিম বেচে সে দিনকে দিন ধনী হয়ে উঠল।...এতে তার লোভ গেল বেড়ে...মনে মনে ভেবে দেখল মুরগির পেটে না জানি কত ডিম আছে, এই মনে করে একদিন মুরগিটাকে কেটে ফেললো ...ওমা, তার পেটে একটাও ডিম নেই দেখে বোকা চাষি নিজের কপাল চাপড়াতে লাগল।

3. ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের যে কোনও একটি প্রশ্নের উত্তর দাওঃ

(ক) তুমি একটি রেস্তোরাঁ খুলতে যাচ্ছ ।একজন অভিজ্ঞ,প্রশিক্ষিত, সাবলীল কর্মীর প্রয়োজন, সম্পূর্ণ জীবনপঞ্জি সহ যোগাযোগ করার আবেদন জানিয়ে স্থানীও সংবাদপত্রে একটি বিজ্ঞাপন দাও। **4**

অথবা

(খ) তুমি অভয়/মানসি, তোমাদের স্কুলের পরিবেশ ক্লাবের সম্পাদক। পলিথিন বা প্লাস্টিক কিভাবে আমাদের পরিবেশ ও সমাজের ক্ষতি করে সেই বিষয়ে অবগত করে বিদ্যালয়ের বিজ্ঞপ্তি ফলকে একটি বিজ্ঞপ্তি দাও।

## SECTION-C

ব্যাকরণ ও অনুবাদ ( **Grammar and Translation)**

4. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাওঃ

(ক) বর্গের প্রথম ও তৃতীয় বর্ণের উচ্চারণে 'প্রাণ' বা 'নিশ্বাসে'র মৃদুতার জন্যে এ গুলিকে বলা হয়- **1**

(i) অঘোষ বর্ণ (ii) ঘোষ বর্ণ

(iii) অল্পপ্রাণ বর্ণ (iv) মহাপ্রাণ বর্ণ

(খ) পূজা>পুজো- কি ধরনের ধ্বনি পরিবর্তন- **1**

(i) স্বরভক্তি (ii) স্বরসঙ্গতি

(iii) অপিনিহিতি (iv) অভিশ্রু

(গ) নে+ অন সন্ধি করলে হয়- **1**

(i) নয়ন (ii) নৈয়ন

(iii) নেয়ন (iv) নায়ন

(ঘ) কর্তা যা করেন, তাকে বলে- **1**

(i) কর্তৃ কারক (ii) কর্ম কারক

(iii) করণ কারক (iv) সম্প্রদান কারক।

(ঙ) কূপমণ্ডুক মানে- **1**

(i) গোড়া থেকে শুরু (ii) তরুন বয়সে নষ্ট হওয়া

(iii) জড়বৎ নিষ্ক্রিয় ব্যক্তি (iv) অভিজ্ঞতাহীন ব্যক্তি

5. সংজ্ঞা সহ উদাহরণ দাওঃ

| | | |
|---|---|---|
| (a) | স্বরভক্তি | 1 |
| (b) | অনুনাসিক বর্ণ | 1 |
| (c) | ঘোষ বর্ণ | 1 |

6. সন্ধি বিচ্ছেদ করঃ

| | | |
|---|---|---|
| (a) | অত্যন্ত | 1 |
| (b) | উচ্ছেদ | 1 |

7. কারক-বিভক্তি নির্ণয় করঃ

| | | |
|---|---|---|
| (a) | বালাটি সোনার পাতে মোড়া। | 1 |
| (b) | দেবতাকে ভোগ দাও। | 1 |
| (c) | টকের ভয়ে দেশ ছাড়লাম। | 1 |

8. অর্থ উল্লেখ করে বাক্য রচনা করঃ

| | | |
|---|---|---|
| (a) | অকাল কুষ্মাণ্ড | 1 |
| (b) | ডুমুরের ফুল | 1 |

9. বাংলায় অনুবাদ করঃ

| | | |
|---|---|---|
| (a) | **Let Us All Rise Up.** | 1 |
| (b) | **The Cow Eats Grass.** | 1 |
| (c) | **Where Are You Going?** | 1 |
| (d) | **The Weather Is Very Sunny Today.** | 1 |
| (e) | **What A Great Story!** | 1 |

## Section - D

### সাহিত্য -গদ্যাংশ পদ্যাংশ (Literature)

10. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও:

(ক) ফটিকের মামার ছেলে ছিল- **1**

(I) একটি (ii) দুটি

(iii) তিনটি (iv) চারটি

(খ) মানব জীবনের শ্রেষ্ঠ উপাদান হল- **1**

(I) ধন-দৌলত (ii) বাড়িঘর

(iii) অহংকার (iv) মনুষ্যত্ব

(গ) 'জাগ্রত দেবতা' গল্পে যে গ্রমের বুড়ো শিব জাগ্রত ছিল- **1**

(i) সনাতনপুর (ii) কুসুম পুর

(iii) রসুল পুর (iv) মহাদেব পুর

(ঘ) 'ধূলামন্দির' কবিতাটি কোন কাব্যের অন্তর্গত? **1**

(i) গীতালি (ii) গীতিমাল্য

(iii) গীতাঞ্জলি (iv) বলাকা

(ঙ) রাম উঠোনের মাঝে পুঁতেছিল- **1**

(i) আমগাছ (ii) বেলগাছ

(iii) অশ্বত্থগাছ (iv) নিমগাছ

২০ থেকে ২৫ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

**11.** "ব্যঙ্গের প্রয়োজন কি চাণক্য ।আমি তোমার বন্দি।" — কে এ কথা বলেছেন? তাঁর পরিচয় দাও। **1+1=2**

**12.** ফটিকের বয়স কত ছিল? এই বয়সের ছেলেদের সম্পর্কে লেখক কী বলেছেন? **1+1=2**

**13.** 'খাই খাই' কবিতায় ব্যবহৃত দুটি প্রবাদবাক্য লেখো। **2**

**14.** রাম কাদের এক মাচা শসা গাছ কেটে এসেছিল? কেন সে এ কাজ করেছিল? **1+1=2**

**15.** 'ভারতবর্ষ' পাঠে পঁচিশ বছর বাদে লেখক কলকাতায় এসে কী পরিবর্তন লক্ষ্য করলেন? **2**

**16.** "তপের প্রভাবে বাঙালি সাধক জড়ের পেয়েছে সারা।" — 'বাঙালি সাধক' বলতে কার কথা বলা হয়েছে?তিনি কিভাবে সাড়া পেয়েছেন? 1+1=2

কম-বেশি ৪০ থেকে ৫০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

**17.** (ক) 'জাগ্রত দেবতা' গল্পে নীলমনি কে ? কার কন কথায় তিনি ধমক দিলেন ? তিনি কিভাবে প্রমাণ করলেন যে জাগ্রত মহাদেব জাগ্রতই আছেন? **1+2+1=4**

অথবা

(খ) "হৃদয়কে উপবাসী রেখে শাসন করা চলে না।" —

(I) কোন পাঠের অংশ **(1)**

(ii) কে এ কথা বলেছেন? **(1)**

(iii) কোন প্রসঙ্গে এ কথা বলেছেন? **(2)**

**18.** "অনন্তে উড়িছে তার বিজয় নশান।" —

(I) কোন কবিতার অংশ? 1

(ii) কবির নাম কি? 1

(iii) কার 'বিজয় নিশান-এর কথা বলা হল? 1

(iv) কোন প্রসঙ্গে এ কথা বলা হয়েছে? 1

৬০ থেকে ৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ

19. (ক) "সেই ট্র্যাডিশন সমানে চলেছে তার কোথাও পরিবর্তন ঘটেনি।" —

(i) কোন পাঠের অংশ? 1

(ii) ট্র্যাডিশন শব্দের অর্থ কী? 1

(iii) এখানে 'ট্র্যাডিশন' বলতে কী বোঝানো হয়েছে? 1

(iv) কিভাবে সেই ট্র্যাডিশন সমানে চলেছে? 2

অথবা

(খ) "বিশ্বম্ভর বাবু স্তিমিত প্রদীপে রোগশয্যায় বসিয়া প্রতিমুহূর্তেই ফটিকের মায়ের জন্য প্রতীক্ষা করিতে লাগিলেন।" —

(i) বিশ্বম্ভর বাবু কে? (1)

(ii) কেন তিনি ফটিকের মায়ের জন্যে অপেক্ষা করছিলেন? (1)

(iii) 'ছুটি' গল্পে তাঁর ভূমিকা আলোচনা কর। (3)

20. (ক) " রৌদ্রে জলে আছেন সবার সাথে,
ধূলা তাঁহার লেগেছে দুই হাতে। —

(i) কোন কবিতার অংশ? 1

(ii) কবির নাম কী? 1

(iii) এখানে তাঁর বলতে কার কথা বলা হয়েছে? 1

(iv) কিভাবে তাঁর হাতে ধুলো লাগল? 1

(v) এখানে সবার বলতে কাদেরকে বোঝানো হয়েছে? 1

অথবা

(খ) " স্থপতি মোদের স্থাপনা করেছে বরভুদরের ভিত্তি" —

(i) কোন কবিতার অংশ (1)

(ii) 'বরভুদর' কোথায়? (1)

(iii) কে এই ভিত্তি স্থাপন করেন? (1)

(iv) ভাস্কর্যশিল্পে বাঙালির অবদান সম্পর্কে কবি কি বলেছেন? (2)

21. "তুমি যে কহিলা " বা-জানেরে মোর কথা যাও দাদু লয়ে?" —

(i) কোন কবিতার অংশ? 1

(ii) কবি কে? 1

(iii) 'তুমি' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে? 1

(iv) তার বা-জানকে দাদু কোথায় নিয়ে যাচ্ছিলেন? 1

(v) দাদু কী জবাব দিয়েছিলেন? 1